কেদারগঞ্জে এম বি আর বাজার জামে মসজিদ নির্মাণ কাজের উদ্বোধন

মুজিবনগরের কেদারগঞ্জ এমবিআর বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন জামে মসজিদ নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) সকাল ১১ টার সময় অতিথি হিসাবে উপস্থিত থেকে কেদারগঞ্জ বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পাশে জামে মসজিদ এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন, মুজিবনগর মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা জামাতের আমির মাও: তাজউদ্দিন খান এবং জামে মসজিদ নির্মাণ কমিটি ও এমবিআর বাজার কমিটির সভাপতি আব্দুল হামিদ।

এ সময় মসজিদের নির্মাণ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পূর্ণ করার জন্য মহান আল্লাহ তাআলার নিকট দোয়া ও সাহায্য প্রার্থনা করা হয়।

এমবিআর বাজার জামে মসজিদের উদ্বোধন অনুষ্ঠানে অতিথিরা বলেন, আল্লাহর ঘর নির্মাণে সমাজের বিত্তবান মানুষজনকে এগিয়ে আসতে হবে। যার যতটুকু সামর্থ্য আছে সে অনুযায়ী সহযোগিতা করতে হবে। আসুন আমরা সবাই মিলে এই আল্লাহর ঘর নির্মাণে সহযোগিতা করি।

এ সময় মসজিদ নির্মাণ কমিটির সভাপতি আব্দুল হামিদ সকল ধর্মপ্রাণ মুসলমানদের প্রতি মসজিদ নির্মাণে সকলের কাছে সহযোগিতার আহ্বান জানান এবং যারা সহযোগিতা করতে চান তারা যেন সরাসরি অথবা অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা সঞ্চয় হিসাব নং-৯৭২৬, অনলাইন নং- ০২০০০০৯৪৫৬১৩২ নম্বরে দানের টাকা জমা দেন অথবা আঃ হামিদ (সভাপতি), মোবাঃ ০১৭১৫-৮৪৯৩৮৪ মতিরুল ইসলাম (কোষাধ্যক্ষ), ০১৭২১-৭১৭৯৭৬ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের সদস্য সচিব ও কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, মাও:আব্দুল লতিফসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সদস্যবৃন্দ ও ব্যবসায়ীবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অনুষ্ঠানের শেষ পর্বে জানা যায়, ১০ কোটি ১৮ লাখ টাকা ব্যয়ে ধরা হয়েছে চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশন দ্বিতল আধুনিক ভবন নির্মাণ কাজের। কাজ শেষ হতে সময় লাগবে ৫৪০ দিন।

দর্শনা-মুজিবনগর সংযুক্ত সড়কের ৮শ মিটার ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা-মুজিবনগর সড়কের ১শ ৪৯ কোটি টাকা ব্যায়ে রাস্তা নির্মাণের সাথে সংযুক্ত ৮০০ মিটার ড্রেন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার দুপুর ১১ টার দিকে দর্শনা কেরু চিনিকালের মেইন গেটের সামনে এই ড্রেন নির্মানের শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। এসময় তিনি বলেন, এলাকার উন্নয়নের জন্য আরেকবার নৌকায় ভোট দিন। এবং জননেত্রী শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করি। এসরকার উন্নয়নের সরকার। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে এ সরকারের কোন বিকল্প নেই। তাই আসুন দলমত ভুলে উন্নয়নের ধারা অব্যহত রাখতে শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করি। এ সরকার ক্ষমতায় থাকলে দেশ ও জাতী উন্নত হয়। এ উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সড়ক ও জনপথ বিভাগের বিভাগীয় কর্মকর্তা চুয়াডাঙ্গা রোড এন্ড হাইওয়ে নির্বাহী প্রকৌশলী মনজুরুল করিম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’লীগের সাধারন সম্পাদক আলী মনসুর বাবু, দর্শনা পৌরসভার নব নির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু, ঠিকাদার মোঃ জহুরুল ইসলাম, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, কেরুজ চিনিকলের অবসরপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোঃ শাহাব উদ্দীন, ইদ্রিস আলী, কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সহসভাপতি মফিজুল ইসলাম, যুগ্ন সাধারণ সম্পাদক

মোস্তাফিজুর রহমান, সাবেক সভাপতি তৈয়ব আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সহ-সভাপতি আব্দুল মান্নান খাঁন সহ রাজনৈতিক, সুধিমহল উপস্থিত ছিলেন।